

প্রথম আলো

উচ্চশিক্ষা

বিএসএমএমইউয়ের উপাচার্যের দায়িত্বে শাহিনুল আলম

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৮ ডিসেম্বর ২০২৪, ১৫: ৪৪



বিএসএমএমইউ

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপাচার্য পদে নিয়োগ পেয়েছেন বিশ্ববিদ্যালয়টির সহ-উপাচার্যের (একাডেমিক) দায়িত্বরত অধ্যাপক শাহিনুল আলম। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উচ্চশিক্ষার এই প্রতিষ্ঠানটির অস্থায়ী উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করবেন তিনি। আজ বুধবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের এক অফিসে আদেশে এ তথ্য জানানো হয়েছে।

অফিস আদেশে বলা হয়েছে, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. সায়েদুর রহমানকে প্রতিমন্ত্রীর পদমর্যাদায় বিশেষ সহকারী হিসেবে নিয়োগ প্রদান করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের

নির্বাহী ক্ষমতা অর্পণ করা হয়, যা গত ১০ নভেম্বর গেজেট আকারে প্রকাশিত হয়েছে। তার পরিপ্রেক্ষিতে
বিএসএমএমইউয়ের উপাচার্য পদটি শূন্য রয়েছে।

এ অবস্থায় ‘বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮’-এর ধারা ১৩ অনুযায়ী উপাচার্যের পদ শূন্য
থাকায় সহ-উপাচার্যদের মধ্য থেকে জ্যেষ্ঠ সহ-উপাচার্য (একাডেমিক) অধ্যাপক মো. শাহিনুল আলম পরবর্তী
নির্দেশ না দেওয়া পর্যন্ত বিএসএমএমইউয়ের অস্থায়ী উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

